



তথ্যবিবরণী

নম্বর-০২৭

রুয়েটের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত

রাজশাহী; ১৭ ভাদ্র (১ সেপ্টেম্বর):

আজ রবিবার (১ সেপ্টেম্বর) রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ২১ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস। দিবসটি নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপিত হয়।

সকালে প্রশাসনিক ভবন চত্বরে জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, বেলুন ও ফেস্টুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করা হয়। মুক্তিযুদ্ধে শহিদ ছাত্রদের কবরে শ্রদ্ধাঞ্জলি অর্পণ এবং তাদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া শেষে বৃক্ষরোপণ করা হয়।

দিবসটি উদযাপন উপলক্ষ্যে সকাল পৌনে দশটায় শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী এবং আমন্ত্রিত অতিথিবৃন্দদের নিয়ে এক শোভাযাত্রা শেষে নিরাপদ রক্তদান কর্মসূচি ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।

সকাল এগারোটায় ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক ও বিশ্ববিদ্যালয় দিবস ২০২৪ উদযাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম সরকারের সভাপতিত্বে আলোচনা সভা ও গুণীজন সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন যন্ত্রকৌশল অনুষদের ডীন ও দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. মোশাররফ হোসেন, ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি এর পরিচালক অধ্যাপক ড. মো. শহীদ উজ্জামান, শিক্ষা শাখার উপ-রেজিস্ট্রার আবু তোলায়হা মো. ফয়সল খান, ইসিই বিভাগের ২০১৯ সিরিজের শিক্ষার্থী মো. মাস্টিন উদ্দীন, পুরকৌশল বিভাগের ২০১৯ সিরিজের শিক্ষার্থী আফরিন সুলতানা মীম প্রমুখ।

এরপর রুয়েটের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. সিরাজুল করিম চৌধুরী ও সাবেক উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল আলম বেগ এবং রাজশাহী সিটি কর্পোরেশনের সাবেক প্রধান প্রকৌশলী মো. নূর ইসলাম তুষার-কে গুণীজন সংবর্ধনা প্রদান করা হয়।

বাদ জোহর রুয়েট কেন্দ্রীয় জামে মসজিদে রুয়েটের অগ্রযাত্রা, দেশ ও জাতির কল্যাণ কামনা করে বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দিবসটি উপলক্ষে প্রধান ফটক ও ভবনসমূহে সৌন্দর্যবর্ধন ও আলোকসজ্জা করা হয়।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৫:০০ ঘ.